

সৈয়দপুর উপজেলা পরিষদ
জেলাঃ নীলফামারী

স্মারক নংঃ

তারিখঃ ২১/০৬/২০২২খ্রিঃ

উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোছাঃ সানজিদা বেগম লাকী
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

সভার তারিখ : ২১/০৬/২০২২খ্রিঃ

সময় : ১০.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর, নীলফামারী।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচ্য বিষয়-০২ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির কার্যক্রম পর্যালোচনা

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, অসুস্থ্য ব্যক্তি ছাড়া সবাইকে করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি সকলকে ঘনঘন হাত ধোয়া, মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রেখে চলার জন্য অনুরোধ করেন।	সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য সাধারণ মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

৩। আলোচ্য বিষয়-০৩ঃ হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রে ভবন নির্মাণ/অবকাঠামোগত ঘাটতি পূরণ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভার সদস্য সচিব জনাব ডাঃ মোঃ আলিমুল বাসার সভায় জানান যে, সৈয়দপুর উপজেলার হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রের জন্য একজন এমবিবিএস ডাক্তার, একজন মিডওয়াইফ সহ নরমাল ডেলিভারী করানোর জন্য প্রয়োজনীয় লোকবল সরকার নিয়োগ দিয়েছে কিন্তু জায়গা থাকলেও প্রয়োজনীয় অবকাঠামো না থাকায় অত্র এলাকার এবং আশেপাশের এলাকার সাধারণ মানুষ প্রাতিষ্ঠানিক প্রসবসহ জরুরী স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছেন। সভায় তিনি আরো জানান, এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে- (ক) প্রাতিষ্ঠানিক ও নিরাপদ স্বাভাবিক প্রসবের হার বৃদ্ধি পাবে; (খ) করোনা ভ্যাকসিনসহ অত্যাবশ্যকীয় ঔষধ এবং নিরাপদ ঔষধ সংরক্ষণে এবং বিতরণে সহায়ক হবে; (গ) সরকারি চিকিৎসক ও প্রয়োজনীয় দক্ষ জনবলের মাধ্যমে বিনামূল্যে মানসম্মত	জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুর

চিকিৎসা সেবা নিশ্চিত হবে; (ঘ) করোনা/অন্যান্য মহামারীসহ মাতৃমৃত্যু কমানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে; (ঙ) স্বাস্থ্য খাতের অবকাঠামোগত ঘাটতি পূরণে সহায়ক হবে এবং (চ) জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ০৩নং লক্ষ্যমাত্রা সুস্বাস্থ্য অর্জনে ভূমিকা রাখবে।		
--	--	--

৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোছাঃ সানজিদা বেগম লাকী)

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

উপজেলা পরিষদ কার্যালয়

সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং-

তারিখঃ ২১/০৬/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। উপজেলা..... কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৭। অফিস কপি।



সভাপতি

উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

সৈয়দপুর, নীলফামারী।